আজকের কাগজ

তারিখ ... 19 JUN 1995 ...
পৃষ্ঠা ৭ কলাম ৭ ......

# দু'বছর বন্ধ থাকার পর কাল বিএল কলেজ খুলছে

**খুলনা থেকে ওয়াহেদ উজ-জামান :** দীর্ঘ দু'বছর একটানা বন্ধ থাকার পর আগামীকাল থেকে খুলনা সরকারি বিএল কলেজ খুলছে। '৯৩ সালে কলেজ ক্যাম্পাসে ছাত্রদল-শিবিরের মধ্যে এক রক্তক্ষয়ী সংঘর্ষে দু'জন ছাত্র নিহত হলে কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্যে কলেজ বন্ধ ঘোষণা করেন। সম্প্রতি কলেজ কর্তৃপক্ষ শিক্ষক, ছাত্র, সংগঠন, রাজনৈতিক দলগুলোর সঙ্গে বৈঠক করার পর শর্ত সাপেক্ষে কলেজ খুলে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। শর্ত হলো দু'বছর ক্যাম্পাসে ছাত্র রাজনীতি নিষিদ্ধ থাকবে। এর সঙ্গে আরোও রয়েছে ১২ দফা নীতিমালা। তবে ছাত্ররা সম্মিলিতভাবে কোনো সমস্যা অধ্যক্ষকে সরাসরি বা লিখিতভাবে জানাতে পারবে। ছাত্রদের সবসময় পরিচয়পত্র সঙ্গে রাখতে হবে। অছাত্র বা অপরিচিত কেউ ক্যাম্পাসে ঘোরাফেরা অথবা ছাত্রাবাসে অবস্থান করতে পারবে না। এমনকি খেলাধুলাও বন্ধ থাকবে। কলেজে সার্বক্ষনিক পুলিশ, বিডিআর মোতায়েন থাকবে। তারা আইন-শৃঙখলা পরিস্থিতি নিয়ন্ত্রণ করবে। এ ছাড়া কলেজ অধ্যক্ষ আগামীকাল কলেজ খোলার পর থেকে সকলের সহযোগিতা কামনা করেছেন।